# ব্যবহৃত গাড়ির ক্রেতাদের অধিকারের বিল

একটি ব্যবহৃত গাড়ি কেনা আপনার সবচেয়ে বড় আর্থিক অঙ্গীকারগুলির অন্যতম হতে পারে। ব্যবহৃত গাড়ির ডিলারদের অবশ্যই *ব্যবহৃত গাড়ির ক্রেতাদের অধিকারের বিল* প্রদর্শন করতে হবে এবং আপনি বিক্রয়ের একটি চুক্তিতে স্বাক্ষর করার **আগে** আপনাকে একটি কপি দিতে হবে।আপনি যে ভাষায় চুক্তিটির দরাদরি করেছে ন, সে ই ভাষাতে ই ক্রেতাদের অধিকারে র বিল টি আপনাকে দিতে হবে যদি উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (DCWP) এর ওয়েবসাইট **nyc.gov/dcwp** এ অনুবাদি ত সংস্করণটি উপলব্ধ থাকে। *ক্রেতাদের অধিকারের বিল* আপনি যে পেয়েছেন এই মর্মে স্বাক্ষর করার আগে এটি সময় নিয়ে পড়ুন ও বুঝুন।

## আপনার অধিকারসমূহ

**1 বিজ্ঞাপিত দামে একটি গাড়ি কেনার অধিকার আপনার আছে।**
ব্যবহৃত গাড়ির ডিলারদের অবশ্যই গাড়ির উপরে দাম প্রদর্শন করতে হবে। একটি ব্যবহৃত গাড়ির ডিলার বিজ্ঞাপিত, উদ্ধৃত, বা গাড়ির উপরে লাগানো দামের থেকে বেশি দামে আপনাকে একটি গাড়ি বিক্রয় করতে পারেন না। আপনি ডিলারশিপটি থেকে আর্থিক সাহায্য না নেওয়ার কারণে ডিলারশিপটি গাড়িটির দাম বাড়াতে পারে না।

**2 আপনি কোনোকিছুতে স্বাক্ষর করার আগে আপনার আর্থিক সাহায্য সংক্রান্ত চুক্তিটির বিবরণ জানার অধিকার আপনার আছে।**

**3 একটি ব্যবহৃত গাড়ির ডিলাররের দ্বারা ব্যবস্থাপিত আর্থিক সাহায্য বা ঋণ নিতে অস্বীকার করার অধিকার আপনার আছে।**
আপনি নগদ অর্থ দিতে পারেন বা অন্য একটি ঋণদাতার কাছ থেকে আর্থিক সাহায্য চাইতে পারেন।

**4 আপনার আর্থিক চুক্তির গুরুত্বপূর্ণ শর্তগুলি সম্পর্কে লিখিত ঘোষণাগুলি পাওয়ার অধিকার আপনার আছে।**
ফেডারেল আইন অনুযায়ী আপনার দ্বারা শর্তগুলির লিখিত ঘোষণা পাওয়া বাধ্যতামূলক, যেমন আপনার বার্ষিক শতকরা হার (annual percentage rate, APR), আপনার সম্মত হওয়া আর্থিক সাহায্যের পরিমাণ, এবং আর্থিক চুক্তিটির শর্তগুলিকে সম্পূর্ণরূপে পূরণ করার জন্য আপনাকে যে পরিমাণ অর্থপ্রদান করতে হবে।

NYC আইনের অধীনে, ডিলারশিপকে একই শর্ত, অর্থপ্রদানের সংখ্যা, কোল্যাটারাল, এবং ডাউন পেমেন্ট সহ একটি ঋণের জন্য কোনো আর্থিক সংস্থার দ্বারা আপনাকে প্রদান করা সর্বনিম্ন APR অবশ্যই প্রকাশ করতে হবে। আর্থিক সাহায্য দেওয়ার জন্য ডিলার আপনার জন্য যে ফী ধার্য করছে তাও ডিলারশিপকে অবশ্যই প্রকাশ করতে হবে। এইসকল ঘোষণাগুলিকে অবশ্যই আপনি যে ভাষায় চুক্তিটির দরাদরি করেছেন সেই ভাষায় হতে হবে, যদি DCWP এই ভাষায় এইসকল ঘোষণাগুলি উপলভ্য করে।

**5 যে কোনো ব্যবহৃত গাড়ির জন্য এবং, যেখানে প্রযোজ্য, একটি লিখিত নিউ ইয়র্ক স্টেট লেমন আইন (New York State Lemon Law) ওয়ারেন্টির জন্য আপনার ফেডারেল ট্রেড কমিশনের (Federal Trade Commission, FTC) ক্রেতাদের নির্দেশিকাটি পাওয়ার অধিকার আছে।**
ক্রেতাদের নির্দেশিকাটি গাড়িটি সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য ও ওয়ারেন্টি দেয় এবং তা প্রতিটি গাড়ির উপর অবশ্যই লাগানো উচিত।

নিউ ইয়র্ক স্টেট লেমন আইনের অধীনে, ব্যবহৃত গাড়ির ডিলারদের সেই সব ব্যবহৃত গাড়ির উপরে অবশ্যই লিখিত ওয়ারেন্টি প্রদান করতে হবে যেগুলি মুখ্যত ব্যক্তিগত ও ঘরোয়া ব্যবহারের জন্য, $1,500 এর বেশি মূল্যের, এবং 100,000 মাইলের কম চলেছে। ইঞ্জিন, ট্রান্সমিশন, ড্রাইভ অ্যাক্সেল, ব্রেক, রেডিয়েটর, স্টীয়ারিং, ও অলটারনেটর ওয়ারেন্টির অন্তর্ভুক্ত। কখনো "যেমনভাবে পাওয়া যায় সেইভাবে" একটি গাড়ি কিনবেন না।

কেনার আগে ক্রেতার নির্দেশিকা ও ওয়ারেন্টি উভয়ই খুঁটিয়ে পড়ুন।

**6 অ্যাড-অনগুলি নিতে অস্বীকার করার অধিকার আপনার আছে।**
একটি প্রস্তাবিত দামে গাড়িটি কেনার শর্ত বা আর্থিক সাহায্য হিসাবে ডিলারশিপটি আপনাকে কোনো অ্যাড-অন কিনতে বাধ্য করতে পারে না।

**7 প্রতিটি অ্যাড-অনের দাম লিখিতভাবে পাওয়ার অধিকার আপনার আছে।**
প্রতিটি পণ্য ও/বা পরিষেবা সহ ও ছাড়া আর্থিক সাহায্যের মাসিক ও মোট মূল্য সমেত প্রতিটি পণ্য ও/বা পরিষেবার আইটেম অনুযায়ী দাম, ডিলারশিপটিকে অবশ্যই লিখিতভাবে দিতে হবে।

**8 বাতিল করার একটি বিকল্প পাওয়ার অধিকার আপনার আছে।**
ডিলারদের আপনাকে অবশ্যই একটি চুক্তি বাতিলকরণের বিকল্প দিতে হবে, যেটি আপনাকে দুটি (2) কর্মদিবসের মধ্যে চুক্তিটিকে বাতিল করার অনুমতি দেয়। এই বিকল্পটি আপনাকে ডিলারশিপের থেকে দূরে গিয়ে চুক্তিটি ও যে কোনো আর্থিক চুক্তি পর্যালোচনা করার সময় দেয়। আপনি গাড়িটিকে বাড়িতে নিয়ে যেতে পারবেন না, কিন্তু আপনি যদি গাড়িটির পরিবর্তে একটি পুরনো গাড়ি দিয়ে থাকেন (ট্রেড-ইন) এবং প্রয়োজনীয় ফী প্রদান করেন, তাহলে আপনি বাতিলকরণের সময়কালে পুরনো গাড়িটি বা ট্রেড-ইন ব্যবহার করতে পারবেন। আপনি যে ভাষায় চুক্তিটির দরাদরি করেছেন, সেই ভাষাতেই আপনাকে চুক্তি বাতিলকরণের বিকল্পটি দিতে হবে। চুক্তিটি বাতিলকরণের বিকল্প সম্পর্কে **nyc.gov/dcwp** থেকে আরো জানুন।

ক্রমশ >

**9** **আপনি ঋণের জন্য আবেদন করার সময়ে বৈষম্য থেকে মুক্ত থাকার অধিকার আপনার আছে।**
ফেডারেল আইনের অধীনে জাতি, বর্ণ, ধর্ম, জাতীয় উৎস, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, বয়স বা সরকারী সহায়তা ব্যবহার করার ভিত্তিতে ঋণের ক্ষেত্রে বৈষম্য করা বেআইনি।

**10** **একটি অভিযোগ দায়ের করার অধিকার আপনার আছে।**
আপনার অভিবাসনের অবস্থা যাই হোক না কেন, একটি ব্যবহৃত গাড়ির ডিলারের বিরুদ্ধে আপনি অভিযোগ দায়ের করতে পারেন। ব্যবহৃত গাড়ির ডিলারদের অবশ্যই কাজ পরিচালনা করার জন্য উপভোক্তা এবং কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) এর একটি লাইসেন্স থাকতে হবে। ডিলারশিপের লাইসেন্সের অবস্থা ও অভিযোগের ইতিহাস যাচাই করার জন্য আপনি **311 নম্বরে ফোন** করে ফোনটি DCWP এর কাছে স্থানান্তরিত করতে বলতে পারেন। আপনি যদি বিশ্বাস করেন যে একটি ব্যবহৃত গাড়ির ডিলার আপনার অধিকার লংঘন করেছে বা আপনার অবস্থার সুযোগ নিয়েছে, তাহলে **nyc.gov/dcwp** এ গিয়ে একটি অভিযোগ দায়ের করুন বা **311** (NYC এর বাইরে 212-NEW-YORK) নম্বরে **যোগাযোগ করুন**।

ক্রেতার স্বাক্ষর বা নামের আদ্যাক্ষর

________________________________________